

এইচএসসি ও সমমান পরীক্ষা

এবার জিপিএ-৫ পেয়েছে ১৭৬২৮২ জন, এগিয়ে মেয়েরা

অনলাইন ডেক্স



এবারের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান
পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে এক লাখ ৭৬ হাজার ২৮২ জন
শিক্ষার্থী। ফলাফলের সূচক জিপিএ-৫ পাওয়ার দিক দিয়ে
ছেলেদের চেয়ে এগিয়ে মেয়েরা।

ফলাফলে দেখা গেছে, ৮০ হাজার ৫৬১ জন ছেলে জিপিএ-৫
পেয়েছে। আর ৯৫ হাজার ৭২১ জন মেয়ে পেয়েছে
জিপিএ-৫। এ ছাড়া পাসের হারেও এগিয়ে আছে মেয়েরা।
মোট পাসের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ। এর মধ্যে মেয়েরা

পাস করেছে ৮৭ দশমিক ৪৮ শতাংশ। আর ছেলেরা পাস করেছে ৮৪ দশমিক ৫৩ শতাংশ।

এবার মোট পরীক্ষার্থী ছিল ১১ লাখ ৭৭ হাজার ৩৮৭ জন। এর মধ্যে মেয়ে ছিল পাঁচ লাখ ৬৭ হাজার ৮৬৫ জন। তাদের মধ্যে পাস করেছে চার লাখ ৯৬ হাজার ৭৪৩ জন। আর ছেলে পরীক্ষার্থী ছিল ছয় লাখ ৯ হাজার ৫২২ জন। তাদের মধ্যে পাস করেছে পাঁচ লাখ ১৫ হাজার ২৪৪ জন।

আজ বুধবার দুপুর পৌনে ১২টার দিকে কম্পিউটারের বোতাম চেপে প্রধানমন্ত্রী এই পরীক্ষার ফল প্রকাশ করেন। এর আগে সকাল সোয়া ১১টার দিকে এই পরীক্ষার ফলাফলের অনুলিপি প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী দীপু মনি। এ সময় তাঁর সঙ্গে ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিরুল হাসান চৌধুরী। পরে বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানরা ফলাফলের অনুলিপি প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলে এই অনুষ্ঠান হয়।

টপিক